বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website:www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৫

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ / ১৪ জুলাই ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

**প্রিয় মহোদয়,**

**দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও মাননীয় কমিশনারদ্বয়ের একান্ত সচিব এবং কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে প্রতারকচক্র কর্তৃক জনগণকে হয়রানি ও বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৬ জুন ২০২৫ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০২০.১৮.৪৬৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ জুন ২০২৫ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৫২১.৯৯.০০০২.২১.২৭৬ এতদ্‌সঙ্গে যুক্ত করা হলো।

২। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ (২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

**(গৌতম কুমার ঘোষ)**
পরিচালক (ডিএফআইএম)
ফোন: ৯৫৩০১৭৮।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০২০.১৮.৪৬৭

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও কমিশনারদ্বয়ের একান্ত সচিব এবং কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে প্রতারক চক্র কর্তৃক জনগণকে হয়রানি ও বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৫২১.৯৯.০০০২.২১.২৭৬, তারিখ: ০৪জুন ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও কমিশনারদ্বয়ের একান্ত সচিব এবং কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে প্রতারক চক্র কর্তৃক জনগণকে হয়রানি ও বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের পত্রটি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র

১৬-০৬-২০২৫
সারমিন সুলতানা
উপসচিব
+৮৮০২২২৩৩৫৪২৮২
ds.admin@fid.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা, বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, রমনা, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/কর্মসংস্থান ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।
৮। ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/দি সিকিউরিটি প্রিন্টিং কর্পো. (বাংলাদেশ)/বাংলাদেশ

এনজিও ফাউন্ডেশন/ইউবিকো/সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা।
১০। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।

**স্মারক নম্বর:** ৫৩.০০.০০০০.০০০.২১১.৯৯.০০২০.১৮.৪৬৭/১ (৭)

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি-সদয় অবগতি ও জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৭-০৬-২০২৫
সারমিন সুলতানা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২১.৯৯.০০০২.২১.২৭৬

বিষয়: **দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও কমিশনারদ্বয়ের একান্ত সচিব এবং কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে প্রতারক চক্রে কর্তৃক জনগণকে হয়রানি ও বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।**

সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৩.৩৩.০১৮.১৬/২৯৮০৬ তারিখ: ২৯/০৫/২০২৫

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকে দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও কমিশনারদ্বয়ের একান্ত সচিবগণ এবং কমিশনে কর্মরত বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাদের নাম, পদবি, ছবি ও লোগো ব্যবহার করে সরাসরি মোবাইল ফোন কল, ক্লোন করে কল, হোয়াটসঅ্যাপ, সিগন্যাল, ফেসবুক, মেসেঞ্জার, ইনস্টাগ্রামসহ বিভিন্ন অন-লাইন প্লাটফর্মে ভুয়া আইডি খুলে কমিশনের লোগো, প্যাড, স্বাক্ষর এবং সিল জাল করে এক শ্রেণির প্রতারক চক্র মাননীয় উপদেষ্টাগণ, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও ব্যবসায়ীদের মোবাইলে কল করে বা এসএমএস প্রদান করে অর্থ দাবীসহ নোটিশ জারি করে জনগণকে হয়রানি করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে মর্মে জানানো হয়েছে।

২। দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান, মাননীয় কমিশনারদ্বয়, মাননীয় চেয়ারম্যান ও কমিশনারদ্বয়ের একান্ত সচিব এবং কমিশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিচয় দিয়ে প্রতারক চক্রের প্রতারণা ও চাঁদাবাজির বিষয়টি গোচরীভূত করে তা বন্ধ/নিয়ন্ত্রণ/আইনগত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সরকারের সকল মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তাঁর মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:
(১) দুর্নীতি দমন কমিশনের পত্র

০৪-০৬-২০২৫
মোঃ আরিফুল হক মৃদুল
সিনিয়র সহকারী সচিব
২২৬৬৪১০৫৯ (ফোন)
৯৫৭৩৫৩৩ (ফ্যাক্স)
cpo_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২১.৯৯.০০০২.২১.২৭৬/১ (২)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
**১। সচিব, দুর্নীতি দমন কমিশন।**

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৪-০৬-২০২৫
মোঃ আরিফুল হক মৃদুল
সিনিয়র সহকারী সচিব